

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারি ২৬, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়

(আইন অধিশাখা-৪)

সংশোধনী প্রজ্ঞাপন

তারিখ, ২১ জানুয়ারি, ২০১৪ খ্রিস্টাব্দ

নং ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০০৫.১২-২১—যেহেতু অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এর ধারা ৯ এর উপ-ধারা (১) এর বিধান অনুযায়ী ‘ক’ তফসিলে বর্ণিত প্রত্যর্পণযোগ্য অর্পিত সম্পত্তির মৌজা ভিত্তিক উপজেলা ও জেলাওয়ারী তালিকা প্রস্তুত করিয়া সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা প্রকাশ করা হইয়াছে এবং যেহেতু প্রকাশিত তালিকায় অনিবার্য কারণে কতিপয় ভুলক্রটি রহিয়াছে ও কতিপয় সম্পত্তির অঙ্গভূক্তি বাদ পড়িয়াছে;

সেহেতু অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (সংশোধন) আইন, ২০১৩ এর ধারা-৪ অনুযায়ী সন্নিবেশিত অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এর ধারা ৯ এর উপ-ধারা (১ক) এর বিধান অনুযায়ী নড়াইল জেলার নড়াইল সদর উপজেলার মৌজা ভিত্তিক ‘ক-তফসিলভূক্ত’ অর্পিত সম্পত্তির সংশোধনী তালিকা সরকার কর্তৃক গেজেটে প্রকাশ করা হইল। ইহা ইতিপূর্বে প্রকাশিত সংশ্লিষ্ট জেলার, উপজেলার ও মৌজার ‘ক- তফসিলের’ সংশোধনী তালিকা হিসাবে গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ হাবিবুল কবির চৌধুরী  
উপসচিব।

( ৮৫৭ )

মূল্য : টাকা ৪.০০

## অর্পিত সম্পত্তির তালিকা

## ‘ক’ তফসিল

(অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ (সংশোধন ২০১৩) এর ধারা ৯এর উপ-ধারা (১ক) অনুযায়ী প্রকাশিত)

‘ক’ তফসিলভুক্ত অর্পিত সম্পত্তির সংশোধনী তালিকা

জেলার নাম : নড়াইল উপজেলা : নড়াইল সদর

ক্রমিক নং	গেজেটে প্রকাশের তারিখ	গেজেটের পৃষ্ঠা নং	ভুলের বিবরণ ও সংশোধন
১	২	৩	৪
০১	০২/৫/ ২০১২	৩৫৩৩৬	১৪নং ক্রমিকের ৩২নং তারাশি মৌজার ২৮৩৬নং খতিয়ানের স্থলে ২১৩৬নং খতিয়ান লিখতে হবে।
০২	০২/৫/ ২০১২	৩৫৩৩৬	১৬নং ক্রমিকের ৩২নং তারাশি মৌজার ৫৪৫৯নং দাগের স্থলে ৫৪৬১নং দাগ লিখতে হবে।
০৩	০২/৫/ ২০১২	৩৫৩৩৯	২১নং ক্রমিকের ০১নং খাটুরমাণুরা মৌজার ৭০৭নং খতিয়ানের ১৪৩৩নং দাগে জমির পরিমাণ ০.২২ নতুন করে যুক্ত হবে।
০৪	০২/৫/ ২০১২	৩৫৩৪০	২৪নং ক্রমিকের ২০নং উড়ানী দূর্গাপুর মৌজার ৭১০নং দাগের স্থলে ৭১৫নং দাগ লিখতে হবে।
০৫	০২/৫/ ২০১২	৩৫৩৪২	২৬নং ক্রমিকের ১৯নং দৌলতপুর মৌজার ২১৮নং দাগের স্থলে ১১৮নং দাগ লিখতে হবে।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)